

মির্জাপুর ক্যাডেট কলেজে শতভাগ জিপিএ ৫

মির্জাপুর (টাঙ্গাইল)
প্রতিনিধি

১৫ অক্টোবর, ২০২৪
১৪:০৯

শেয়ার

অ +

অ -



মির্জাপুর ক্যাডেট কলেজের ৫৬ তম ব্যাচের ৪৮ জন ক্যাডেট এইচএসসিতে জিপিএ ৫ পেয়েছে। ছবি : সংগৃহীত

টাঙ্গাইলের মির্জাপুর ক্যাডেট কলেজ সাফল্যের ধারাবাহিকতা অব্যাহত রেখে এবারের এইচএসসি পরীক্ষায় শতভাগ জিপিএ ৫ পেয়েছে। এ বছর এই ক্যাডেট কলেজ থেকে ৪৮ জন ছাত্র পরীক্ষায় অংশ নেয়। তারা প্রত্যেকেই বিজ্ঞান বিভাগের ছাত্র।

কলেজ সূত্র জানায়, চলতি বছর এই কলেজ থেকে ৫৬ তম ব্যাচের ৪৮ জন ক্যাডেট এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে অংশ নেয়।

সাফল্যের ধারাবাহিকতা অব্যাহত রেখে তাদের প্রত্যেকেই জিপিএ ৫ পেয়েছে। এরমধ্যে ৪৬ জন গোল্ডেন জিপিএ পেয়েছে।

আরো পড়ুন



চট্টগ্রাম শিক্ষাবোর্ডে ৫ বছরের মধ্যে পাসের হার সর্বনিম্ন

কলেজের অধ্যক্ষ কর্নেল রিয়াজ আহমেদ চৌধুরী পিবিজিএম, পিএসসি বলেন, ‘সেনা সদরের দিক নির্দেশনা, বিজ্ঞ শিক্ষকমণ্ডলীর ঐকান্তিক প্রয়াস, সুশৃঙ্খল পরিবেশ, অভিভাবকবৃন্দের নিয়মিত অনুপ্রেরণা ও ক্যাডেটদের কঠোর অনুশীলনের সমন্বিত রূপায়ণ হচ্ছে এ অনন্য সাফল্য। এ ধারা বজায় রাখতে ভবিষ্যতেও আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকবে।

,